সংবাদ

তারিখ 07 JAN 2016
পৃষ্ঠা ১৬ কলাম ৪

# পাঠ্যবই উৎসব শেষ হলেও এখনও কিছু জেলায় বই পৌঁছেনি

নিজস্ব বার্তা পরিবেশক

পাঠ্যবই উৎসব শেষ হলেও কিছু জেলায় এখনও সব বই পৌঁছেনি। নারায়াণগঞ্জ, গাজীপুর ও কিশোরগঞ্জের বিভিন্ন স্কুলে গতকাল পর্যন্ত সব বিষয়ের পাঠ্যবই সরবরাহ হয়নি বলে অভিযোগ পাওয়া গেছে। কিন্তু জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের (এনসিটিবি) কর্মকর্তারা বলছেন, 'বই মুদ্রণ ও বাধাঁইয়ের কোন কাজই এখন আর বাকি নেই। সব বই ইতোমধ্যে স্কুল পর্যায়ে পৌঁছে গেছে।'

তবে বই সরবরাহে কিছুটা অব্যবস্থাপনা এবং যেসব স্কুল এখনও বই না পাওয়ার অভিযোগ করছে, নতুন বই সমন্বয় করে দ্রুত সময়ের মধ্যে ওইসব স্কুলে বই পৌঁছে দেয়ার জন্য ১১ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করেছে এনসিটিবি।

এ বিষয়ে এনসিটিবি'র ভারপ্রাপ্ত চেয়ারম্যান প্রফেসর ড. মিয়া এনামুল হক সিদ্দিক গতকাল সংবাদকে জানান, 'গাজীপুর ও কিশোরগঞ্জ থেকে বই না পাওয়ার অভিযোগ পাওয়ার পর আজই পাঠ্যবই : পৃষ্ঠা : ২ ক : ৬.

## পাঠ্যবই : উৎসব

(১৬ পৃষ্ঠার পর)

(গতকাল) সেখানে দুজন প্রতিনিধি পাঠানো হয়েছে।' তিনি জানান, 'বই ছাপা ও সরবরাহের কোন কাজই বাকি নেই। সব বই স্কুলে চলে গেছে। বাফা'র স্টকেরও (আপদকালীন মজুদ) দুই ভাগ বই সরবরাহ করা হয়েছে। বাকি তিন ভাগ বই আমাদের হাতে রয়েছে। প্রয়োজন অনুযায়ী বাফার স্টকে'র বই সরবরাহ করছি।'

উৎসবের মধ্য দিয়ে গত ১ জানুয়ারি দেশের ৪ কোটি ৪৪ লাখ ১৬ হাজার ৭২৮ জন শিক্ষার্থীর মধ্যে ২৯১ বিষয়ের ৩৩ কোটি ৩৭ লাখ ৬২ হাজার ৭৬০টি বই বিতরণ করা হয়।